

BANGLADESH ASSOCIATION FOR VOLUNTARY STERILIZATION(BAVS)

7/5/1, BARABAGH, MAIN ROAD, MIRPUR-2, DHAKA-1216

PHONE # 9002162, 9006071, 9002057, 9002012, Fax # 9002057, E-mail: bavshq@yahoo.com

স্মারক নং বিএভিএস/প্রশাসন/২০১৯/ ২৬৮৭৪


তারিখ : ২২/০৭/২০১৯ ইং

বিষয় : গত ২০১৮-১৯ অর্থবছরে বিএভিএস চাঁদপুর ক্লিনিকের সার্বিক কার্যক্রম সন্তোষজনক না হওয়ায় “টেকফিয়ত তলব”।

গত ২০১৮-১৯ অর্থবছরে সম্পাদিত পারফরমেন্স বিশ্লেষণে দেখা যায় যে, আপনার পরিচালিত চাঁদপুর ক্লিনিকের সার্বিক কার্যক্রম খুবই অসন্তোষজনক ও হতাশাজনক। ২০১৮-১৯ অর্থবছরে আপনার ক্লিনিকের জন্য মাত্র ৬০০-টি ভিএসসি লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। কিন্তু আপনি গত এক বছরে মাত্র ২৫০-টি ভিএসসি সম্পন্ন করেছেন (প্রদত্ত লক্ষ্যমাত্রার তুলনায় মাত্র ৪২% ভাগ)। অন্যান্য পদ্ধতির অগ্রগতির সংখ্যাও খুবই নগণ্য (আই.ইউ.ডি-৬, ইমপ্লানন-১৮ এবং ইনজেকশন-৭৫)।

২। বিএভিএস কর্তৃক পরিচালিত পরিবার পরিকল্পনা কার্যক্রমে সকল পদ্ধতির পারফরমেন্স সন্তোষজনক করার লক্ষ্যে প্রধান কার্যালয় হতে প্রায়ই ক্লিনিক পরিদর্শনের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারি কর্তৃক নির্দেশনা প্রদান করা এবং প্রধান কার্যালয় হতে প্রতিনিয়ত যোগাযোগের মাধ্যমে প্রদত্ত লক্ষ্যমাত্রানুযায়ী কার্যক্রম পরিচালনার বিষয় আপনাকে প্রায়ই তাগিদ দেয়া হয়েছে। এতদসত্ত্বেও আপনার পরিচালনাধীন বিএভিএস চাঁদপুর ক্লিনিকের সার্বিক কার্যক্রমের কোন সন্তোষজনক অগ্রগতি হয়নি।

৩। এমতাবস্থায়, বিএভিএস চাঁদপুর ক্লিনিকের সার্বিক কার্যক্রম কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক আপনি কেন পরিচালনা করেন নি, তা' আগামী ৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারি বরাবর লিখিত ব্যাখ্যা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।



মোঃ মীর হোসেন

উপ-সচিব

স্বাস্থ্য, শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

প্রশাসক, বিএভিএস।

মোবাইল : ০১৫৫-২৫৪২৪২৮

ডাঃ মোঃ মাহমুদ হাসান
ডিস্ট্রিক্ট ম্যানেজার
বিএভিএস চাঁদপুর ক্লিনিক।

অনুলিপি : কার্যার্থে/জ্ঞাতার্থেঃ

- ১। প্রোগ্রাম কোঅর্ডিনেটর/ম্যানেজার (প্রোগ্রাম)/ম্যানেজার (হিসাব ও অর্থ), বিএভিএস প্রধান কার্যালয়।
- ২। প্রশাসনিক কর্মকর্তা, বিএভিএস প্রধান কার্যালয়।
- ৩। প্রশাসক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বিএভিএস।
- ৪। অফিস কপি।